Islamic Religious Council of Singapore

Friday Sermon

14 July 2023 / 25 Zulhijjah 1444H

<u>পরিবারের সকলের সাথে যোগাযোগ স্থাপনের গুরুত্ব</u>

الحَمدُ لِلَّهِ الغَنِيِّ الحَمِيدِ، وَأَشهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحدَهُ لَا شَرِيكَ لَهُ، وَهُوَ عَلَى كُلِّ شَيءٍ شَهِيدٌ، وَأَشهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبدُهُ وَرَسُولُهُ المَبعُوثُ بِالرَّحمَةِ وَالقَولِ السَّدِيدِ، اللَّهُمَّ صَلِّ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَصَحبِهِ وَسَلِّم تَسلِيمًا كَثِيرًا. أَمَّا بَعدُ، فَيَا عِبَادَ اللهِ، اِتَّقُوا اللهَ حَقَّ تُقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنتُم مُسلِمُونَ.

My beloved brothers and sisters in Islam,

ইসলাম ধর্মাবলম্বী সম্মানিত ভাই ও বোনেরা,

আসুন, আমরা মহান আল্লাহ তা আলার প্রতি আমাদের তাকওয়া আরো উন্নত করার প্রচেষ্টা অব্যাহত রাখি।

সুরা আত তাওবার ১১৯ নম্বর আয়াতে আল্লাহ তা’আলা ইরশাদ করেছেন,

يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ ٱتَّقُوا۟ ٱللَّهَ وَكُونُوا۟ مَعَ ٱلصَّٰدِقِينَ ﴿١١٩﴾

অর্থঃ হে আল্লাহতে বিশ্বাসী ও তাঁর রাসূলের অনুসারী এবং তাঁর শরীয়তের উপর আমলকারী ঈমানদারগণ! তোমরা আল্লাহর আদেশ-নিষেধ মেনে তাঁকেই ভয় করো এবং ঈমান, কথা ও কাজে সত্যবাদীদের সাথেই থাকো।

এই তাকওয়ার সাথে আমরা আশা করতে পারি যে আমরা আমাদের নিজেদের ও আমাদের পরিবারের সকল সদস্যদের জীবনে সফলতা অর্জনে সক্ষম হবো। আমীন, ইয়া রাব্বাল আলামীন!

আল্লাহ তা আলার প্রিয় মুসুল্লীবৃন্দ,

কোরানের তাফসির বা এর ব্যাখ্যা নিয়ে যাঁদের পান্ডিত্য আছে তাঁদের মতে, এই আয়াতে আল্লাহ পাক তাঁর অনুসারী এবং ইমানদারগণকে এই দুনিয়াতে উন্নতি করার চেষ্টা চালিয়ে যেতে বলছেন যাতে তাঁরা পরকালে ন্যায়পরায়ণ ও রাসুল (সঃ) এর সাহাবীদের সংগে একত্রে অবস্থান করতে পারেন। আমাদের নিজেদের মধ্যে এই দৃঢ়তা অর্জন করতে পারলে এবং ভাল কাজে আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখলে আল্লাহতা আলা নিশচয়ই আমাদের প্রিয় রসুল (সঃ) এবং তাঁর সাহাবীদের সাথে পরকালে আমাদের একত্রিত করবেন ।

এই আয়াতের আর একটি গভীর অর্থ আছে। যেহেতু এই আয়াতটি আমাদেরকে সর্বদা সত্যবাদীদের সংগে থাকতে নির্দেশ করছে, এটা একইসংগে আমাদেরকে উতসাহ দিচ্ছে বা আমাদেরকে নির্দেশ দিচ্ছে আমাদের বন্ধু ও সংগী নির্বাচনে আমাদেরকে উতসাহ দিচ্ছে বা আমাদেরকে নির্দেশ দিচ্ছে যে কিভাবে আমরা এই বন্ধু বা সংগী নির্বাচন করব।। নবী করিম (সঃ) বলেছেন, " একজন মানুষের ধর্ম নির্ভর করে তার ঘনিষ্ঠ বন্ধুদের কি ধর্ম তার ওপর। খেয়াল করে দেখুন তাঁর ঘনিষ্ঠ বন্ধু কারা"। (আবু দাউদ ও তিরমিযী কর্তৃক বর্ণিত হাদীস)। একজন মানুষ অবশ্যই তার আশেপাশে যারা থাকেন, তাঁদের দ্বারা প্রভাবিত হন।

সম্মানিত ভাই ও বোনেরা,

আমাদের পারিবারিক জীবনে কোরানের এই নির্দেশটি আত্মস্থ করা অধিক গুরুর্ত্বপূর্ণ। পরিবারের প্রধান হিসাবে এটি আমাদের প্রতি একটি উপদেশ, এমনকি আমাদের সন্তানদের এবং পরিবারের অন্যান্য সদস্যদের জন্যও এটি একটি ভাল উপদেশ। একজন আনুষের বয়স যতই হোক না কেন, তিনি অবশ্যই তাঁর আশেপাশের লোকদের দ্বারা প্রভাবিত হবেন। তাঁর বন্ধুরা যদি ধর্মীয় এবং নৈতিক দিক দিয়ে উতকৃষ্ট মানের হয়ে থাকেন তবে ইনশা আল্লাহ তিনিও তাঁদের দ্বারা প্রভাবিত হবেন এবং অন্যরাও তাঁর দ্বারা প্রভাবিত হবেন।

পিতামায়া হিসাবে আমাদের খেয়াল রাখা দরকার আমাদের সন্তানেরা কাদের বা কি ধরণের মানুষের সাথে মেলামেশা করছে। তাদের ঘনিষ্ঠ বন্ধু কারা? তথ্য প্রযুক্তির অগ্রগতি ও সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যাপক অনুপ্রবেশের ফলে আজকাল এই মেলামেশার ব্যাপারটি অত্যন্ত জটিল আকার ধারণ করেছে। অনলাইনে পরিচিত হওয়া যে কোন কারো সাথে অন্য যে কোন কেউ সম্পর্ক তৈরী করতে পারে এবং তাদের মেলামেশা আর শারিরীকভাবে মেলামেশার মধ্যেই কেবল সীমিত নয়। এই সামাজিক মাধ্যম আমাদের সন্তানদিগকে নানাবিধ ক্ষতিকর ও অস্বাস্থ্যকর প্রভাবে প্রভাবিত করছে।

তথ্য প্রযুক্তি ও সামাজিক যোগাযোগ মাধ্যমের বিশাল প্ল্যাটফর্ম আমাদের জীবনে নানাবিধ সুবিধা প্রদান করেছে কিন্তু, এগুলোর ক্ষতিকর উদ্দেশ্য নিয়ে এর চূড়ান্ত অপব্যবহার করে থাকে যেমন মাদক দ্রব্যের প্রচার করা, ইত্যাদি।

এটা জোর দিয়ে বলা উচিত যে যে কোন রকমের মাদক দ্রব্যের অপব্যবহার করা ধর্মীয় দৃষ্টিকোন থেকে অবৈধ ও নিষিদ্ধ। মাদক দ্রব্যের অপব্যবহার আমদের জীবনকে, আত্মার, আমাদের মেধাকে বাঁচিয়ে রাখার নীতির পরিপন্থী যা ইসলামে গুরুত্বের সাথে উল্লেখ করা হয়েছে।

সম্মানিত মুসলমানবৃন্দ,

আমাদের কিশোর কিশোরী ও তরুণদের মধ্যে এসব বিষয়ে সচেতনতা জাগিয়ে তোলার ব্যাপারে আমাদের কাজ করা প্রয়োজন যাতে তারা মাদকাসক্তির মত বিষয়ে জড়িয়ে না পরে। কারণ এইসব কিশোর কিশোরী ও তরুণ তরুণীরা নতুন অভিজ্ঞতা অর্জনের প্রতি আকৃষ্ট থাকে যার অনেককিছুই তাদের জন্য স্বাস্থ্যকর নয়। এইসব অস্বাস্থ্যকর অভিজ্ঞতা তারা তাদের বন্ধুদের মাধ্যমে অর্জন করতে পারে বা এগুলির খোঁজ তারা সামাজিক যোগাযোগ মাধ্যমে পেতে পারে।

আমাদের সন্তানদেরকে সম্পূর্ণভাবে জানতে হলে তাদের সংগে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। নইলে, যদি যোগাযোগের অভাব থাকে এবং একটি ঘনিষ্ঠ সম্পর্ক সন্তানদের সংগে না থাকে তাহলে পরিবারের সদস্যদের মধ্যে পারস্পরিক বিশ্বাস ও আস্থা স্থাপন করা কঠিন হয়ে পরে।

অবশ্যই এর জন্য একটি লাগাতার প্রচেষ্টার প্রয়োজন পরে কারণ এটা এমন একটা বিষয় যা চট করে তৈরী করা সম্ভব নয়।

পিতা মাতা হিসাবে আমাদের সন্তানদেরকে এইসব অস্বাস্থ্যকর প্রভাব যা কিনা তাদের সারা ভবিষ্যত জীবনে ধ্বংসাত্মক ও নেতিবাচক প্রভাব ফেলে যা থেকে আমাদের শিশুদেরকে রক্ষা করতে হলে এগুলো আমাদের বিবেচনা করে দেখতে হবে।

মহান আল্লাহ সুবহানা তাআলা আমাদেরকে ইহকালে ও পরকালে যথেষ্ট নিরাপত্তা প্রদান করুন। আল্লাহ আমাদের সমাজের জীবনে দীর্ঘস্থায়ী উন্নতি ও শান্তি প্রদান করুন। রাব্বাল আলামীন! ইয়া রাব্বাল আলামীন!

أَقُوْلُ قَوْلِي هَذَا وَ أَسْتَغْفِرُ اللهَ العَظِيْمَ لِي وَ لَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم

Second Sermon

الحَمْدُ للهِ حَمْدًا كَثِيرًا كَمَا أَمَرَ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ الله، اِتَّقُوا اللهَ تَعَالَى فِيمَا أَمَرَ، وَانتَهُوا عَمَّا نَهَاكُم عَنْهُ وَزَجَرَ.

أَلَا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنَا اللهُ بِذَلِكَ حَيْثُ قَال فِي كِتَابِهِ العَزِيزِ: إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَ بَارِكْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفَاءِ الرَّاشِدِينَ المَهْدِيِّينَ أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيٍّ، وَعَن بَقِيَّةِ الصَّحَابَةِ وَالقَرَابَةِ وَالتَّابِعِينَ، وَتَابِعِي التَّابِعِينَ، وَعَنَّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِنَاتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِمَاتِ، الأَحْيَاءِ مِنهُم وَالأَمْوَاتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنَّا البَلَاءَ وَالوَبَاءَ وَالزَّلَازِلَ وَالمِحَنَ، مَا ظَهَرَ مِنْهَا

وَمَا بطَنَ، عَن بَلَدِنَا خَاصَّةً، وَسَائِرِ البُلْدَانِ عَامَّةً، يَارَبَّ العَالَمِينَ. رَبَّنَا آتِنَا فِي الدُّنيَا حَسَنَةً، وَفِي الآخِرَةِ حَسَنَةً، وَقِنَا عَذَابَ النَّارِ.

عِبَادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسَانِ وَإِيتَاءِ ذِي القُرْبَى، وَيَنْهَى عَنِ الفَحْشَاءِ وَالمُنكَرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَاذْكُرُوا اللهَ العَظِيمَ يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعَمِهِ يَزِدكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضلِهِ يُعطِكُم، وَلَذِكرُ اللهِ أَكبَرُ، وَاللهُ يَعلَمُ مَا تَصنَعُونَ.